

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২

১/ বিবিধ

আরবী

أوحى الله إلى الدنيا: أن اخدمي من خدمني، وأتعبي من خدمك موضوع

أخرجه الخطيب في " تاريخ بغداد " (8 / 44) واللفظ له والحاكم في " معرفة علوم الحديث " (ص 101) من طرق عن الحسين بن داود بن معاذ البلخي قال حدثنا الفضيل بن عياض قال حدثنا منصور عن إبراهيم عن علقمة عن عبد الله بن مسعود مرفوعا

قال الخطيب: تفرد بروايته الحسين عن الفضيل، وهو موضوع، ورجالهم كلهم ثقات سوى الحسين بن داود، ولم يكن ثقة، فإنه روى نسخة عن يزيد بن هارون عن حميد عن أنس أكثرها موضوع

## বাংলা

১২। আল্লাহ দুনিয়ার নিকট অহী মারফত বলেছেন যে, তুমি খেদমত কর ঐ ব্যাক্তির যে আমার খেদমত করে আর কষ্ট দাও ঐ ব্যাক্তিকে যে তোমার খেদমত করে।

## হাদীসটি জাল।

হাদীসটি খাতীব বাগদাদী "তারীখ বাগদাদ" গ্রন্থে (৮/৪৪) ও হাকিম "মা'রিফাতু উলূমিল হাদীস" গ্রন্থে (পৃ:১০১) বিভিন্ন সূত্রে হুসাইন বিন দাউদ হতে, তিনি ফুযায়েল ইবনু আয়ায হতে, … আব্দুল্লাহ ইবনু মাসউদ হতে মারফু হিসাবে বর্ননা করেছেন। আল-খাতীব বলেনঃ হুসাইন ফুযায়েল হতে এককভাবে বর্ণনা করেছেন। হাদীসটি বানোয়াট। হুসাইন ইবনু দাউদ বাদে হাদীসটির সকল বর্ণনাকারী নির্ভরশীল। কারণ তিনি ইয়াযীদ ইবনু হারুণ



সূত্রে হুমায়েদ-এর মাধ্যমে আনাস (রাঃ) হতে একটি কপি বর্ণনা করেছেন, যার অধিকাংশই বানোয়াট।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন